ঢাকা বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **সৃজনশীল** পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

প্রশ্ন-১ ▶ বুলবুল আমিন এন্টারপ্রাইজের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হল :

বুলবুল আমিন এন্টারপ্রাইজ
রেওয়ামিল
ডিসেম্বর ৩১, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৬,৫০০	
দালানকোঠা	৪৫,০০০	
আসবাবপত্র	২০,০০০	
অগ্রিম বিমা	৩,০০০	
ব্যবহার্য দ্রব্য (সাপ্লাইজ)	৪,৬০০	
অনুপার্জিত সেবা আয়		৭,০০০
বেতন খরচ	১৮,০০০	
বিজ্ঞাপন খরচ	৬,৪০০	
মূলধন		৭০,০০০
উত্তোলন	৪,৫০০	
সেবা আয়		৩৩,৫০০
উপযোগ খরচ	২,৫০০	
	১,১০,৫০০	১,১০,৫০০

অন্যান্য তথ্যাবলি :

১. অনুপার্জিত সেবা আয়ের ৫০,০০০ টাকা উপার্জিত হয়েছে।
২. অগ্রিম বিমা ৩ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।
৩. ৩১ ডিসেম্বর তারিখে ব্যবহার্য দ্রব্য (সাপ্লাইজ) হিসাবে ২,২০০ টাকার দ্রব্য অব্যবহৃত রয়েছে।
৪. জনাব বুলবুল আমিন ৫,৫০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে আনয়ন করলেও উহা হিসাবে লেখা হয় নাই।
৫. মূলধনের সুদ বকেয়া রয়েছে ১,৫০০ টাকা।
৬. বার্ষিক অবচয় : দালানকোঠা ২,২৫০ টাকা, আসবাবপত্র ২,০০০ টাকা।

করণীয়:

ক. বছর শেষে চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. বছর শেষে আয় বিবরণী তৈরি করো। ৪
গ. মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-২ ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেসার্স রাজিবের খতিয়ান থেকে নিম্নলিখিত উদ্বৃত্তগুলো পাওয়া যায়:

রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুদ পণ্য (১-১-২০১৪)	৫৪,০০০	
ক্রয়	১,১৫,৪০০	
আন্তঃপরিবহন	৩,০০০	
বহিঃ ফেরত		২,১৫০
প্রত্যক্ষ খরচ	৩৪,০০০	
বিক্রয়		২,০০,০০০
বিক্রয় বাট্টা	৩,৩০০	
বেতন খরচ	১১,২০০	
১০% বন্ধকী ঋণ		৫,০০০
ভ্রমণকারী কমিশন খরচ	৩,৫০০	
বিজ্ঞাপন খরচ	৬,৬০০	
হাতে নগদ	২,০০০	
প্রাপ্য হিসাব	৫৬,০০০	
সরকারি বন্ড	১০,০০০	
পেটেন্টস	৫,৬৫০	
আসবাবপত্র	২০,০০০	
সরবরাহ যান	৬০,০০০	
মূলধন		১,৫০,০০০
প্রদেয় হিসাব		২৩,৫০০
ব্যাংক জমাতিরিক্ত		৪,০০০
	৩,৮৪,৬৫০	৩,৮৪,৬৫০

নিম্নলিখিত সমন্বয়গুলো সাধন করা প্রয়োজন :

১. মজুদ পণ্য (৩১-১২-২০১৪) ৭০,০০০ টাকা।
২. প্রাপ্য হিসাবে ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে।
৩. বন্ধকী ঋণের ওপর ৬ মাসের সুদ বকেয়া আছে।
৪. আসবাবপত্রের ওপর ১০% হারে এবং সরবরাহ যানের ওপর ১৫% হারে অবচয় ধরতে হবে।
৫. পেটেন্ট এর ৬৫০ টাকা অবলোপন করতে হবে।

করণীয়:

ক. পরিচালন ব্যয় নির্ণয় করো। ২
খ. বহুধাপ আয় বিবরণীর মাধ্যমে মোট লাভ নির্ণয় করো। ৪
গ. নিট আয় ২৬,৪৫০ টাকা ধরে সুবিন্যস্ত আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ▶ জনাব রহিম একটি দোকানের মালিক। ২০১৪ সালের ১ জুন তারিখে তাঁর বিভিন্ন হিসাবের উদ্বৃত্ত ছিল : নগদ ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৩৫,০০০ টাকা, মজুদ পণ্য ২২,০০০ টাকা এবং প্রদেয় হিসাব ১৫,০০০ টাকা। জুন মাসে সম্পাদিত ঘটনাগুলো ছিল নিম্নরূপ:

জুন ৩ জনাব রহিম অতিরিক্ত মূলধনস্বরূপ কারবারে নগদ ৫,০০০ টাকা বিনিয়োগ করেন।
" ১৩ নগদ ক্রয় ১৫,০০০ টাকা ও বাকিতে ক্রয় ২৫,০০০ টাকা।
" ১৯ মাসিক ৫,০০০ টাকা বেতনে একজন বিক্রয় কর্মী নিয়োগ করেন।
" ৩০ ভাড়া পরিশোধ করেন ৬০০ টাকা।

করণীয়:

ক. ২০১৪ সালের ১ জুন তারিখে মূলধন নির্ণয় করো। ২
খ. হিসাব সমীকরণে লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪
গ. লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

প্রশ্ন-৪ ▶ জনাব নাসির ১ জুলাই, ২০১৪ তারিখে নগদ ৬,০০০ টাকা ও ১৭,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসা শুরু করেন। ঐ মাসের নির্বাচিত কয়েকটি লেনদেন ছিল নিম্নরূপ :

জুলাই ৬ ৩০,০০০ টাকা মূল্যের পণ্য ৫% বাট্টায় নগদে বিক্রয়।
" ১২ শিক্ষানবিস সেলামি বাবদ ৭০০ টাকা পাওয়া গেল।
" ২৪ মমিনুলের নিকট পাওনা ১৪,০০০ টাকা ২% বাট্টায় ১৩,৭২০ টাকার একটি চেক প্রাপ্তি।
" ২৮ ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা।

করণীয়:

ক. কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

Teachingbd.com

খ. নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ৪

গ. একটি তিনঘরা নগদান বই তৈরি করো। ৪

প্রশ্ন-৫ ▶ জনাব তাহসানের নগদান বই ২৩,৫০০ টাকা ব্যাংক জমাতিরিক্ত প্রদর্শন করলেও ব্যাংক বিবরণীর সাথে উহা মিল ছিল না। ব্যাংক বিবরণী পর্যালোচনা করে নিম্নলিখিত উপায়গুলো পাওয়া যায়:

১. ৪৭,৬০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দিলেও উহা এখনো আদায় হয় নাই।
২. ব্যাংক ৫,২০০ টাকা চার্জ ধার্য করলেও নগদান বইয়ে লেখা হয় নাই।
৩. ব্যাংক কর্তৃক জমাতিরিক্তের উপর ৪৫০ টাকা সুদ ধার্য করা হলেও উহা নগদান বইয়ে লেখা হয় নাই।
৪. ২৭,৫০০ টাকার একটি চেক ইস্যু করা হলেও উহা ব্যাংকে উপস্থাপন করা হয় নাই।
৫. ব্যাংক কর্তৃক ১,৮৫০ টাকা সুদ আদায় হলেও উহা নগদান বইয়ে লেখা হয় নাই।

করণীয়:

ক. ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রচলিত পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

গ. ১নং থেকে ৪ নং পর্যন্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

প্রশ্ন-৬ ▶ ৩০ জুন ২০১৪ তারিখে জনাব সাকিবের বই থেকে একটি অশুদ্ধ রেওয়ামিল ও অন্যান্য উপাত্ত পাওয়া যায়, যা নিম্নরূপ:

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১০,০০০	
ক্রয়	৩৫,০০০	
আমদানি শুল্ক	৫,০০০	
মজুরি	১৩,০০০	
বেতন বকেয়া	৪,০০০	
আসবাবপত্র	১৮,০০০	
প্রাপ্য হিসাব	১৯,০০০	
শিক্ষানবিস সেলামি	৩,৬০০	
প্রদেয় হিসাব		৬,০০০
বহিঃ পরিবহন		৬০০
বিক্রয়		৬২,০০০
ঋণ		৫,০০০
সমাপনী মজুদ পণ্য		১৪,০০০
মূলধন		২০,০০০
	১,০৭,৬০০	১,০৭,৬০০

করণীয়:

ক. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. সঠিক রেওয়ামিল তৈরি করো। ৪

গ. চলতি সম্পত্তি ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় করো। ৪

প্রশ্ন-৭ ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রাণি হামিদ স্টোরের খতিয়ান উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ:

রাণি হামিদ স্টোর
রেওয়ামিল
ডিসেম্বর ৩১, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২২,৫০০	
মূলধন		৯০,০০০
উত্তোলন	৬,০০০	
চলতি সম্পদ	৬০,০০০	
স্থায়ী সম্পদ	১,২০,০০০	
পুঞ্জিভূত অবচয় (স্থায়ী সম্পদ)		৫২,০০০
চলতি দায়		৪৫,০০০
ক্রয়	৭০,০০০	
বিক্রয়		১,৫০,০০০
পরিচালন ব্যয়	৬০,০০০	
বকেয়া পরিচালন ব্যয়		১,৫০০
	৩,৩৮,৫০০	৩,৩৮,৫০০

নিম্নোক্ত সমন্বয়গুলো সাধন করতে হবে:

১. সমাপনী মজুদ পণ্য ১৮,০০০ টাকা।
২. স্থায়ী সম্পদের অবচয় ৬,০০০ টাকা।

করণীয়:

ক. বছর শেষে নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ কত হবে? ২

খ. ১০ কলাম কার্যপত্র তৈরি করো। ৪

গ. সমাপনী জাবেদা দাখিলা দাও। ৪

প্রশ্ন-৮ ▶ ১ জানুয়ারি ২০১৩ তারিখ সাব্বির কোম্পানি ৬০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা।

করণীয়:

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ১০% হারে প্রথম দুই বছরের অবচয় নির্ণয় করো। ২

খ. সরল রৈখিক পদ্ধতি অনুসরণ করে প্রথম দুই বছরের জন্য অবচয় খরচ হিসাব ও পুঞ্জিভূত অবচয় হিসাব তৈরি করো। ৪

গ. সরল রৈখিক পদ্ধতি অনুসরণ করে প্রথম দুই বছরের আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে এর প্রতিফলন দেখাও। ৪

প্রশ্ন-৯ ▶ জনাব মুসা ইব্রাহীম এক তরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করেন। ২০১৪ সালে তাঁর আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

হিসাবের নাম	১ জানুয়ারি (টাকা)	৩১ ডিসেম্বর (টাকা)
হাতে নগদ	৮,০০০	১২,৫০০
ব্যাংক উদ্বৃত্ত	৪,০০০ (ডে.)	১,০০০ (ক্রে.)
মজুদ পণ্য	২৮,০০০	৩৭,০০০
ইজারা সম্পত্তি	৪০,০০০	
প্রাপ্য হিসাব	৫২,০০০	৬৬,০০০
আসবাবপত্র	১১,০০০	
বকেয়া খরচ	২০০	৪৫০

অন্যান্য তথ্যাবলি:

১. প্রাপ্য হিসাবের ৫% আদায়যোগ্য নয়।
২. সাপ্লাইজ খরচ ৫০০ টাকা হিসাবে ধরা হয় নাই।
৩. ইজারা সম্পত্তি ৫ বছরের জন্য।

করণীয়:

ক. বছর শেষে ইজারা সম্পত্তি ও প্রাপ্য হিসাবের পরিমাণ কত হবে? ২

খ. প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. বছর শেষে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. **উত্তর:** ক. মোট চলতি সম্পদের পরিমাণ ১৬,২০০ টাকা। খ. নিট লাভ ২,৪৫০ টাকা। গ. মোট দায় ২,০০০ টাকা।

২. **উত্তর:** ক. মোট পরিচালন ব্যয় ৩৫,৭৫০ টাকা। খ. মোট লাভ ৬২,৪৫০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৯,২০০ টাকা।

৩. **উত্তর:** ক. মোট মূলধন ৬২,০০০ টাকা। খ. হিসাব সমীকরণের যোগফল ১,৫১,৪০০ টাকা। গ. জাবেদার যোগফল ৯০,৬০০ টাকা।

৪. **উত্তর:** ক. কারবারি বাট্টার পরিমাণ ১,৫০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল ৬৬,২০০ টাকা। গ. নগদ জমা ৪০,২০০ টাকা; ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,৭২০ টাকা এবং প্রদত্ত বাট্টা ২৮০ টাকা।

৫. **উত্তর:** ক. সুদের পরিমাণ ৪৫০ টাকা। খ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমাতিরিক্ত ৪৭,৪০০ টাকা। গ. জাবেদার যোগফল ৮০,৭৫০ টাকা।

৬. **উত্তর:** ক. বিক্রিত পণ্যের ব্যয় ৪৯,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ১,০০,৬০০ টাকা। গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য ২৩,০০০ টাকা।

৭. **উত্তর:** ক. নিট স্থায়ী সম্পদের পরিমাণ ৬২,০০০ টাকা। খ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৪৪,৫০০ টাকা। নিট লাভ ৯,৫০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৪,০০০ টাকা।

৮. **উত্তর:** ক. অবচয়: ২০১৩: ৬০০০ টাকা এবং ২০১৪: ৫,৪০০ টাকা।

৯. **উত্তর:** ক. ইজারা সম্পত্তির পরিমাণ ৩২,০০০ টাকা এবং প্রাপ্য হিসাবের পরিমাণ ৬২,৭০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন ১,৪২,৮০০ টাকা এবং সমাপনী মূলধন ১,৬৫,০৫০ টাকা। গ. মোট সম্পদের পরিমাণ ১,৫৫,২০০ টাকা।

http://teachingbd.com

ঢাকা বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ২ ৫ ৩

১. নিট লাভ বন্ধের জাবেদা কি?
ক) আয় বিবরণী হিসাব ডেবিট মূলধন হিসাব ক্রেডিট
খ) মূলধন হিসাব ডেবিট আয় বিবরণী ক্রেডিট
গ) আয় বিবরণী ডেবিট নিট আয় বিবরণী ক্রেডিট
ঘ) নিট লাভ হিসাব ডেবিট আয় বিবরণী হিসাব ক্রেডিট

২. অনুপার্জিত আয় সমন্বয় করা হলে—
ক) সম্পদ হ্রাস ও আয় বৃদ্ধি
খ) দায় হ্রাস ও আয় বৃদ্ধি
গ) সম্পদ বৃদ্ধি পায় ও আয় হ্রাস পায়
ঘ) সম্পদ হ্রাস পায় ও আয় হ্রাস পায়

৩. সমাপনী দাখিলা দ্বারা—
i. নামিক হিসাব বন্ধ করা
ii. উত্তোলনকে মূলধনে স্থানান্তর করা হয়
iii. চলতি বছরে হিসাব খোলা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. বিপরীত দাখিলা কখন দেওয়া হয়?
ক) হিসাবকালের প্রথম তারিখ খ) আর্থিক বিবরণী তৈরির পূর্বে
গ) সমন্বয় দাখিলার পর ঘ) হিসাবকালের শেষ তারিখ

৫. কার্যপত্র হলো এক ধরনের —
ক) জাবেদা খ) খতিয়ান
গ) খসড়া কাজ ঘ) আর্থিক বিবরণী

৬. কার্যপত্রের ধাপ সাধারণত কয়টি?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

৭. বকেয়া বেতনের বিপরীত দাখিলা কোনটি?
ক) বেতন হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট
খ) বেতন হিসাব ডেবিট বকেয়া বেতন ক্রেডিট
গ) বকেয়া বেতন ডেবিট বেতন হিসাব ক্রেডিট
ঘ) লাভ ক্ষতি হিসাব ডেবিট বেতন হিসাব ক্রেডিট

৮. বিক্রয় অথবা ফেরত শর্তে বিক্রয় ১,০০০ টাকা হিসাব বহির্ভূত কেননা —
i. পণ্যের মালিকানা স্বত্ব স্থানান্তর হয়নি
ii. নগদ টাকা পাওয়া যায়নি
iii. অর্থ পাওয়ার অধিকার সৃষ্টি হয়নি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. অপরিচালন আয়—
i. বিনিয়োগের সুদ ii. বিক্রয়
iii. শিক্ষানবিস সেলামি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. প্রাপ্য নোটের টাকা আদায় ১০,০০০ টাকা ব্যাংক ভুলবশত পাস বইয়ে ডেবিট করেছে। পাস বইয়ে কত টাকা ডেবিট বা ক্রেডিট করতে হবে?
ক) ১০,০০০ টাকা ডেবিট খ) ১০,০০০ টাকা ক্রেডিট
গ) ২০,০০০ টাকা ডেবিট ঘ) ২০,০০০ টাকা ক্রেডিট

১১. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি স্থান কোথায়?
ক) ভারত বর্ষ খ) ইংল্যান্ড
গ) ইটালি ঘ) আমেরিকা

১২. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি—
ক) জাবেদা খ) খতিয়ান
গ) রেওয়ামিল ঘ) লেনদেন

১৩. কোন নীতির কারণে মূলধন একটি প্রতিষ্ঠানের দায়?
ক) রক্ষণশীলতার নীতি খ) চলমান প্রতিষ্ঠান ধারণা
গ) স্বত্ব নীতি ঘ) ব্যয় নীতি

১৪. সম্পত্তি, দায় ও মূলধনের মধ্যে সম্পর্ক প্রকাশ করে—
ক) ডেবিট এবং ক্রেডিট খ) দ্বৈত সত্তা
গ) উদ্বৃত্তপত্র ঘ) হিসাব সমীকরণ

১৫. দু'তরফা দাখিলা পদ্ধতি স্বীকৃত—
ক) I.A.S খ) F.A.S.B
গ) A.I.C.P.A ঘ) G.A.A.P.

১৬. প্রতিষ্ঠানের শুরুতে উত্তোলনের পরিমাণ ১,০০০ টাকা। ৫% হারে বছরে সুদ কত?
ক) ২৭৫ টাকা খ) ৩০০ টাকা
গ) ৩২৫ টাকা ঘ) ৬০০ টাকা

১৭. বিক্রয় মূল্যের উপর মুনাফার হার ২০% হলে বিক্রিত পণ্যের ব্যয়ের উপর শতকরা হার কত?
ক) ১৬.৬৭% খ) ১৭% গ) ১৮% ঘ) ২৫%

১৮. প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা। মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৬,০০০ টাকা। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ১০% বাট্টা সঞ্চিতি ধরা হলে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত? (রেওয়ামিলে অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা)
ক) ২,০০০ টাকা খ) ২,৪০০ টাকা
গ) ২,৮০০ টাকা ঘ) ৩,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
২০১২ সালের ১লা এপ্রিল তারিখ রিতা এন্টারপ্রাইজ ৪৭,০০০ টাকার একটি যন্ত্র ক্রয় করে এবং যন্ত্রটি ৭,০০০ টাকায় সংস্থাপন করে যন্ত্রটির আয়ুষ্কাল ধরা হয় ৫ বছর এবং আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য ৪,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখ হিসাব শেষ করে।

১৯. সরল রৈখিক পদ্ধতিতে ২০১২ সালের অবচয় কত?
ক) ৫,০০০ টাকা খ) ৭,৫০০ টাকা
গ) ১০,০০০ টাকা ঘ) ১০,৮০০ টাকা

২০. যদি প্রতিষ্ঠানটি দ্বিগুণ ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে তবে অবচয়ের হার কত?
ক) ১০% খ) ২০% গ) ৩০% ঘ) ৪০%

২১. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?
ক) মালিকের নির্দেশ থাকলে
খ) সমাপনী মজুদ পণ্যের উদ্বৃত্ত থাকলে
গ) প্রারম্ভিক মজুদ না থাকলে
ঘ) সমন্বিত ক্রয়ের উদ্বৃত্ত থাকলে

২২. পাস বইয়ের ডেবিট উদ্বৃত্ত বলতে কি বুঝায়?
ক) ব্যাংক তহবিল খ) ব্যাংক জমা
গ) ব্যাংক জমাতিরিক্ত ঘ) নগদ তহবিল

২৩. পুঞ্জিভূত অবচয় একটি —
ক) বিপরীত সম্পত্তি খ) দায়
গ) সম্পত্তি ঘ) ব্যয়

২৪. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়ে অন্তর্ভুক্ত হয় কোনটি?
ক) বহিঃপরিবহন খ) আমদানি শুল্ক
গ) রপ্তানি শুল্ক ঘ) অবচয়

২৫. রেওয়ামিলে অফিস সাপ্লাইজ ১,৩০০ টাকা। সাপ্লাইজ খরচ শূন্য টাকা। সমাপনী সাপ্লাইজ ৬০০ টাকা। সমন্বয় দাখিলা হবে—
ক) সাপ্লাইজ খরচ ডেবিট ১,৩০০ টাকা
সাপ্লাইজ হিসাব ক্রেডিট ১,৩০০ টাকা
খ) সাপ্লাইজ হিসাব ডেবিট ৭৫০ টাকা
সাপ্লাইজ খরচ হিসাব ক্রেডিট ৭৫০ টাকা
গ) সাপ্লাইজ খরচ হিসাব ডেবিট ৭০০ টাকা
সাপ্লাইজ হিসাব ক্রেডিট ৭০০ টাকা
ঘ) সাপ্লাইজ খরচ ডেবিট ৬০০ টাকা
সাপ্লাইজ হিসাব ক্রেডিট ৬০০ টাকা

২৬. মিসেস তানিশার প্রারম্ভিক মূলধন ৫০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৭৫,০০০ টাকা। মিসেস তানিশা কারবারের অতিরিক্ত মূলধন বাবদ আরও ১০,০০০ টাকা প্রদান করলে একতরফা দাখিলা পদ্ধতিতে এর প্রভাবে—
i. নিট লাভের পরিমাণ ১০,০০০ টাকা হ্রাস পাবে
ii. বিষয় বিবরণীতে সমাপনী মূলধন ৭৫,০০০ টাকায় অপরিবর্তিত থাকবে
iii. সমাপনী মূলধন ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. তাবিব এন্ড কোং এর অগ্রদত্ত অর্থের পরিমাণ ২,০০০ টাকা। যে মাসের শেষে হাতে নগদ টাকার পরিমাণ ৬০০ টাকা। সে মাসে খরচের পরিমাণ কত?
ক) ৬০০ টাকা খ) ১,৪০০ টাকা
গ) ২,০০০ টাকা ঘ) ২,৬০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
বাদল ট্রেডার্সের ২০১৪ সালের ১লা জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতি ক্রেডিট উদ্বৃত্ত ছিল ২,০০০ টাকা। সারা বছরের ধারে বিক্রয় ১,০৫,০০০ টাকা, বিক্রয় ফেরত ৩,৫০০ টাকা ও বিক্রয় বাট্টা ১,৫০০ টাকা। অনাদায়ী পাওনা ২,৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো।

২৮. নিট ধারে বিক্রয় কত হবে?
ক) ১,০০,০০০ টাকা খ) ১,০৩,৫০০ টাকা
গ) ১,০৫,০০০ টাকা ঘ) ১,১০,০০০ টাকা

২৯. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
ক) ৯,৫০০ টাকা খ) ১০,০০০ টাকা
গ) ১০,৫০০ টাকা ঘ) ১১,০০০ টাকা

৩০. অবচয় কোন ধরনের প্রক্রিয়া?
ক) মূল্যায়ন খ) ক্রয় মূল্য বণ্টন
গ) নগদ জমাকরণ ঘ) মূল্য বিশ্লেষণ

৩১. হিসাবের ঐচ্ছিক ধাপ কোনটি?
ক) খতিয়ান খ) রেওয়ামিল
গ) কার্যপত্র ঘ) আর্থিক বিবরণী

৩২. অপরিচালন ব্যয় কোনটি?
ক) বেতন খ) কমিশন প্রাপ্তি
গ) শিক্ষানবিস সেলামি ঘ) ঋণের সুদ

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
শেখ এন্ড কোং এর ৩১ শে জানুয়ারি ২০১২ তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংকে জমার উদ্বৃত্ত ৭০,০০০ টাকা। ১০,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দিয়ে ভুলক্রমে নগদান বইয়ে ১,০০০ টাকা লিপিবদ্ধ করেন এবং ৫,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক নগদান বইতে দুইবার ক্রেডিট করেন।

৩৩. জমাকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ করবে?
ক) ৫,০০০ টাকা খ) ৯,০০০ টাকা
গ) ১০,০০০ টাকা ঘ) ১১,০০০ টাকা

৩৪. উক্ত কোং এর ইস্যুকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত যোগ বা বিয়োগ করবে?
ক) ৫,০০০ টাকা যোগ খ) ১০,০০০ টাকা বিয়োগ
গ) ১৫,০০০ টাকা যোগ ঘ) ২০,০০০ টাকা বিয়োগ

৩৫. একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগ ক্ষেত্র কোথায়?
ক) ক্ষুদ্রায়তনের একমালিকানা কারবারে
খ) যৌথ মূলধনি কারবারে
গ) অংশীদারী কারবারে ঘ) রাষ্ট্রীয় কারবারে

৩৬. কোনটি হিসাবের স্থায়ী রূপ?
ক) জাবেদা খ) খতিয়ান
গ) বিশেষ জাবেদা ঘ) রেওয়ামিল

৩৭. আবশ্যিক দাখিলা নয় কোনটি?
i. সমাপনী দাখিলা ii. সমন্বয় দাখিলা
iii. বিপরীত দাখিলা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৮. ১,৫০০ টাকার পণ্য বিক্রয় ভুলে ১৫০ টাকা লিখা হয়েছে। এটি কোন ধরনের ভুল?
ক) বেদাখিলার ভুল খ) লেখার ভুল
গ) নীতিগত ভুল ঘ) বাদ পড়ার ভুল

৩৯. বাকিতে পণ্য ক্রয় ২,০০০ টাকা সমীকরণে প্রভাব কি?
ক) সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস
খ) দায় বৃদ্ধি ও মালিকানা স্বত্ব হ্রাস
গ) সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি
ঘ) সম্পদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি

৪০. বিপরীত দাখিলার জন্য প্রযোজ্য —
i. প্রাপ্য সেবা আয় ii. প্রদেয় মজুরি
iii. সরঞ্জামের অবচয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১	ক	২	খ	৩	ক	৪	ঘ	৫	গ	৬	খ	৭	গ	৮	খ	৯	খ	১০	ঘ	১১	খ	১২	ঘ	১৩	গ	১৪	ঘ	১৫	ঘ	১৬	গ	১৭	গ	১৮	ঘ	১৯	খ	২০	ঘ
২১	ঘ	২২	গ	২৩	ক	২৪	খ	২৫	গ	২৬	খ	২৭	ঘ	২৮	ক	২৯	খ	৩০	খ	৩১	গ	৩২	ঘ	৩৩	খ	৩৪	ক	৩৫	ক	৩৬	খ	৩৭	গ	৩৮	খ	৩৯	ঘ	৪০	ক

http://teachingbd.com